

রাশিয়ার প্রেসিডেন্টের সংগে প্রধানমন্ত্রীর টেলিফোন বার্তালাপ

প্রেসিডেন্ট ভ্লাদিমির পুটিন আজ সন্ধ্যা ৭-৩০ মিনিটে প্রধানমন্ত্রী মনমোহন সিংকে টেলিফোন করে উকেরেইয়েনের বর্তমান উদ্ভুত পরিস্থিতি এবং কিরমিয়ার সাম্প্রতিক গণভোটের প্রসঙ্গে অবহিত করান।

উকরেইয়েনের সাম্প্রতিক ঘটনাবলী সম্পর্কে রাশিয়ার অবস্থান ব্যাখ্যা করার জন্য প্রধানমন্ত্রী প্রেসিডেন্ট পুটিনকে ধন্যবাদ জানান। দেশগুলির ঐক্য ও সংহতির বিষয়ে ভারতের ধারাবাহিক অবস্থানের উপর প্রধানমন্ত্রী গুরুত্ব আরোপ করেন। প্রধানমন্ত্রী আশা প্রকাশ করেন যে, সকল পক্ষ সংযম বজায় রাখবেন এবং মিলিতভাবে রাজনৈতিক ও কূটনৈতিক সমাধানে উদ্যোগ নেবে যাতে ঐ অঞ্চলের সকল দেশের ন্যায্য স্বার্থ সুরক্ষিত হয় এবং ইউরোপ ও তার সীমানার বাইরেও দীর্ঘমেয়াদী শান্তি ও স্থায়ীত্ব বজায় থাকে।

প্রধানমন্ত্রী ও প্রেসিডেন্ট পুটিন ভারত ও রাশিয়ার পারম্পরিক স্বার্থ সংলিঙ্গ অংশীদারি ও নিবিড় বন্ধুত্বের সম্পর্কের বিষয়েও আলোচনা করেন এবং উভয় দেশের মধ্যেকার বিশেষ সুবিধা প্রাপ্ত স্ট্র্যাটেজিক অংশীদারির গুরুত্বের উপর পুনরায় অঙ্গীকার করেন। প্রধানমন্ত্রী সাম্প্রতিক সময়ে ভারত-রাশিয়া স্ট্র্যাটেজিক অংশীদারি আরো মজবুত ও সুদৃঢ় করতে প্রেসিডেন্ট পুটিনের ব্যাকতিগত নেতৃত্বের জন্য ধন্যবাদ জানান।

নয়াদিল্লি

১৮ মার্চ ২০১৪